# ECHO OF HIS CALL

ECHO OF HIS CALL
REACHING NATIONS
SINCE 1969
1969 TO 2029

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

**India's National Spiritual Newspaper**

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

**Vol XXVII** | **YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 OCTOBER** | **No 09**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ২৯: ১-৯

১। হে ঈশ্বরের সন্তানগণ, সদাপ্রভুর কীর্তন করো, তাঁর মহিমা ও পরাক্রম কীর্তন করো।

২। তার নামের মহিমার কীর্তন করো, পবিত্র শোভায় সদাপ্রভুর আরাধনা করো।

৩। জলের উপর সদাপ্রভুর কণ্ঠস্বর শোনা যায়; মহিমার ঈশ্বর বজ্রধ্বনি করেন, মহাজলরাশির উপরে সদাপ্রভু বজ্রধ্বনি করেন।

৪। সদাপ্রভুর কণ্ঠস্বর শক্তিশালী; সদাপ্রভুর কণ্ঠস্বর মহিমান্বিত।

৫। সদাপ্রভুর কণ্ঠস্বর দেবদারু গাছ ভেঙে দেয়; লেবাননের দেবদারু - বন ছিন্নভিন্ন করেন।

৬। তিনি লেবাননের পর্বতমালাকে বাছুরের মতো নাচিয়ে তোলেন, বুনো ষাঁড়ের মতো সিরিয়োণকে (হর্মোণ পর্বতকে) করেন।

৭। সদাপ্রভুর কণ্ঠস্বর বজ্রবিদ্যুতের ঝলকের সাথে আঘাত করে।

৮। সদাপ্রভুর কণ্ঠস্বর মরুভূমি কাঁপিয়ে দেয়; সদাপ্রভু কাদেশের মরুভূমি কাঁপিয়ে তোলে।

৯। সদাপ্রভুর কণ্ঠস্বর ওক গাছ দুমড়ে-মুচড়ে দেয় এবং অরণ্য অনুবৃত করেন। এবং তাঁর মন্দিরে সকলে বলে "মহিমা"!

## আপনার আশীর্ব্বাদযুক্ত ভবিষ্যতের সাতটি গোপন রহস্য!!




**SEVEN SECRETS of your blessed future!!**

(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)



আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে আপনাদের শুভেচ্ছা জানাই।

তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার মাধ্যমে প্রতিমাসে আপনাদের সঙ্গে মিলিত হতে পারার বিষয়টি আমাকে অনেক আনন্দ দেয়। আমার বিশ্বাস এবং আশা হচ্ছে যে ঈশ্বরের অনুগ্রহে আপনারা ভালো আছেন। ঠিক এখনই আমাদের মধ্যে কয়েক জন ভালো অনুভব নাও করতে পারেন, কিন্তু সত্য ঘটনাটি হচ্ছে যে আমাদের পত্রিকাটি পড়ার জন্য হাতে তুলে নেওয়া বিশ্বাসের একটি পদক্ষেপ। মনে রাখবেন - এখনও সব কিছুই ঈশ্বরের নিয়ন্ত্রণাধীন। তিনি যতক্ষণ না বলেন সবকিছু শেষ হয়েগেছে ততক্ষণ সবকিছু শেষ হয়নি।

গত কয়েক সপ্তাহ যাবৎ "নিজেকে পাহারা দাও" উক্তিটি অবিরত আমার হৃদয়ে ঘুরপাক খাচ্ছে। আমি এর উপর অধ্যয়ন করতে এবং গভীরভাবে চিন্তা করতে শুরু করলাম, এবং আমি এই চিন্তাগুলির কয়েকটি আপনাদের সঙ্গে সহভাগিতা করবো।

নিজেদের পাহারা দেওয়ার বিষয় বাইবেলে আমাদের শিক্ষা দেওয়া হয়েছে। পাহারা দেওয়ার অর্থ হচ্ছে আমাদের চারিদিকে যা ঘটছে সেই সমস্ত বিষয়ে আমাদের সুরক্ষা করা, সতর্ক থাকা, প্রস্তুত থাকা,এবং সচেতন থাকা। এখন আমরা আমাদের জীবনের কয়েকটি গুরুত্বপূর্ণ দিক দেখবো যেখানে আমাদের অবশ্যই নিজেদের পাহারা দিতে হবে।

(ক্রমশঃ, ৩পাতায়)


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

ECHO OF HIS CALL
REACHING NATIONS
SINCE 1969
1969 TO 2029

# আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)

Estd. 1969

## *from your dearly beloved brother...*





"... কেননা আমি আবার তাঁহার স্তব করিব; তিনি আমার মুখের পরিত্রাণ ও আমার ঈশ্বর।" (গীত ৪২:১১)।

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের ত্রাণকর্তা ও প্রভু যীশু খ্রীষ্টের মহামূল্যবান নামে আপনাদের অভিবাদন জানাই!

এটা সত্য যে, ঈশ্বর অনেক সময় আমাদের কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে হাঁটতে দেন, যাতে আমাদের চরিত্র শুদ্ধ হয় ও আমরা তাঁর আরো কাছে যেতে পারি। আমরা ৪২ সংখ্যার গীতে বিষয়টি দেখি, যেখানে দাউদ এমন একটি সময়ের মধ্যে দিয়ে গিয়েছিলেন। তিনি পাহাড় থেকে উপত্যকায়, মরুভূমি থেকে নদীর ধারে ঘুরে বেড়িয়েছেন, ভারী হৃদয় এবং শান্তির জন্য সংগ্রামরত এক আত্মা নিয়ে। তবুও, সব কিছুর মাঝেও, তিনি নিজের আত্মাকে উৎসাহিত করেছিলেন যেন ঈশ্বরের ওপর আরো গভীরভাবে ভরসা রাখতে পারেন।

গভীর বিশ্বাস পাওয়া মানে দুঃখের সময় ঈশ্বরের প্রশংসা করা, বিশৃঙ্খলায় তাঁকে স্থির বিশ্বাস করা, সংগ্রামের মাঝেও তাঁর মধ্যে আনন্দ খোঁজা এবং সবচেয়ে অন্ধকার রাতেও তাঁর সত্যকে আঁকড়ে ধরা। এটি আমার নিজস্ব অভিজ্ঞতাও, এবং আমি বিশ্বাস করি ঈশ্বর আপনাকে এভাবেই শিক্ষা দেবেন।

যদি আশা মূল হয়, তাহলে প্রশংসা হবে ফল। প্রশংসা এবং আরাধনা আমাদের বিশ্বাসের মূলকে গভীর করে। তাই যদি আপনি হতাশার মুখোমুখি হন, মন খারাপ করবেন না- আশা ছাড়বেন না! আশা নিয়ে থাকুন!! সাহসী হন!!! ঈশ্বরের ওপরে আপনার আশা রাখুন। আপনি হয়ত জিজ্ঞাসা করতে পারেন, "আমি কীভাবে ঈশ্বরে আশা রাখব?" আমার উত্তর সহজ: দাউদের মতো করুন।

**"কেননা আমি আবার তাঁহার স্তব করিব।"** অসুস্থতায় তাঁর প্রশংসা করুন। এমনকি আপনি যখন আর্থিক চাপে বিহ্বল হবেন তখনও কৃতজ্ঞতাসহ তাঁর প্রশংসা করুন। তিনি আপনাকে লজ্জিত হতে দেবেন না। যখন সবকিছু ভালো চলে তখন আরাধনা করা সহজ- এটি কৃতজ্ঞতা। কিন্তু যখন সব কিছুই বিপক্ষে যায়,তখন ঈশ্বরের উপাসনা করা দৃঢ় আশা এবং বিশ্বাসের চিহ্ন। ঈশ্বর এমন বিশ্বাসে আনন্দিত হন।

এটি দাউদের জীবনে সত্য ছিল। ঈশ্বর তাঁর শত্রুদের পরাজিত করেছিলেন এবং তিনি যা হারিয়েছিলেন তা সকলই পুনরুদ্ধার করেছিলেন। একই ঘটনা হয়েছে ইয়োবের ক্ষেত্রেও। ইয়োব সবকিছু হারালেও, শেষে ঈশ্বর তাকে দ্বিগুণ আশীর্বাদ দিয়েছিলেন। ধর্মগ্রন্থে লেখা আছে, **"...সদাপ্রভু ইয়োবের প্রার্থনা স্বীকার করলেন"** (ইয়োব ৪২: ৯)। বাইবেলের তামিল অনুবাদে লেখা আছে, প্রভু ঈশ্বর ইয়োবের মুখের দিকে তাকালেন! কত আশীর্বাদপূর্ণ অভিজ্ঞতা। একইভাবে, ঈশ্বর আপনার যত্ন নেবেন। তাঁর উপর আপনার আশা রাখুন, এবং আপনি তাঁর মহিমা দেখবেন।"

ঈশ্বর প্রচুররূপে আমাদের পরিচর্যাগুলিকে আশীর্বাদ করছেন। সত্যই, **সদাপ্রভু আমার পালক; আমার অভাব হবে না**। গীত ২৩:১। আমি বিশ্বাস করি যে এ মাসে প্রভু আপনাকে এবং আমাকে এতো অধিক অনুগ্রহে অভিষিক্ত করবেন যে আমরা আস্থার সঙ্গে ঘোষণা করতে সক্ষম হবো: যাদের অভাব আছে আমি তাদের মধ্যে থাকব না।

অনুগ্রহ করে তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির জন্য অবিরত প্রার্থনা করুন এবং ঈশ্বর যেভাবে আপনাকে সক্ষম করবেন সেই ভাবে আমাদের সাহায্য এবং সহযোগিতা করুন।

প্রভু আপনাদের প্রচুররূপে আশীর্বাদ করুন!

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ** E.mail : sam@echoofhiscall.org

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech, M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.

EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ▫ BIBLECOR - Postal Courses (3 languages) ▫ YouTube Ministry ▫ Online Courses ▫ Theological Correspondence Courses (2 languages) ▫ Church Planting ▫ Nehemiah Bible Colleges ▫ Gospel Printing Press ▫ Great Commission Partners ▫ St. Paul's Matriculation School ▫ Crusades ▫ Community Development

(ক্রমশঃ, ১ পাতার পর)

## ১। আপনার হৃদয়কে পাহারা দিন

**সর্বোপরি, তোমার হৃদয়কে পাহারা দিয়ে রাখো, কারণ তুমি যা-ই কিছু করো না কেন, তা সেখান থেকেই প্রবাহিত হয়** (হিতোপদেশ ৪:২৩)।

হিব্রু ভাষায় হৃদয় শব্দটি হচ্ছে "লেব", যা আমাদের সমস্ত আবেগ, চিন্তাভাবনা, এবং অনুভূতিগুলোর আসনকে বুঝায়। এটি হচ্ছে সেই স্থান যেখান থেকে আমরা চিন্তা করি, যুক্তি দেখাই, এবং সিদ্ধান্ত নিই। এই কারণেই বাইবেলে হৃদয়কে পাহারা দেবার বিষয় গুরুত্ব দেওয়া হয়েছে - কারণ আমাদের হৃদয়ের অবস্থাই আমাদের সমগ্র জীবন কোন দিকে চালিত হবে তার আকার তৈরী করে।

আমাদের হৃদয় স্থির করে আমরা কে। এটি আমাদের সত্তার সবচেয়ে জটিল সত্তা - বোঝার পক্ষে কঠিন, এবং প্রায়ই আমাদের নিজস্ব উপলব্ধির ঊর্দ্ধে। এই কারণেই দায়ূদ প্রার্থনা করেছিলেন, "**হে সদাপ্রভু আমার হৃদয় অনুসন্ধান করো,**" কারণ হৃদয় জটিল হতে পারে, প্রবঞ্চক হতে পারে এবং দ্বিধাগ্রস্ত হতে পারে। একমাত্র সৃষ্টিকর্তাই প্রকৃতরূপে এর অনুসন্ধান করতে পারেন, এর গোপন দুষ্টতা প্রকাশ করতে পারেন, এবং এটি পরিষ্কার করতে পারেন।

ঈশ্বর কেবল আমাদের হৃদয়ের পাপপূর্ণতা দেখেন না কিন্তু এটি যে বেদনা এবং ক্ষত বহন করে তাও দেখেন। গীত রচয়িতা যেমন ঘোষণা করেছেন, "**হে সদাপ্রভু, আমাকে পরখ করো ও যাচাই করো, আমার হৃদয় ও মন পরীক্ষা করো**" (গীত ২৬:২)। আমাদের অভিপ্রায় এবং কাজগুলো সবসময় একসাথে মেলে না। আমাদের কাছে যা সঠিক এবং শুদ্ধ বলে মনে হয়, তা ঈশ্বরের দৃষ্টিতে সম্পূর্ণ ভিন্ন হতে পারে,কারণ "**সদাপ্রভু আত্মা তৌল করেন**"।

পবিত্র শাস্ত্র আমাদের স্মরণ করায়: "**আমি সদাপ্রভু, হৃদয়ের অনুসন্ধান করি এবং মন যাচাই করি, যেন মানুষকে তার আচরণ ও কাজকর্মের জন্য উপযুক্ত পুরস্কার দিতে পারি**" (যিরমিয় ১৭:১০)।

আমাদের হৃদয়কে সমস্ত বিষয়ের উর্দ্ধে পাহারা দেবার বিষয় বাইবেলে সনির্বন্ধ অনুরোধ করা হয়েছে, কারণ এটি আমাদের জীবনের পথ নির্ধারণ করে। হিতোপদেশ ৪:২৩। একই ভাবে, হিতোপদেশ২৩:৭ পদ শিক্ষা দেয়,একজন ব্যক্তি যেমন চিন্তা করে, নিজেও তেমনি।

প্রিয় ঈশ্বরের সন্তানগণ, সামাজিক প্রচার মাধ্যমের দ্বারা, আপনারা যে বইগুলো পড়ছেন, যে সিনেমাগুলো আপনারা দেখছেন, অথবা বন্ধুদের সঙ্গে আপনারা যে সমস্ত কথাবার্তা বলছেন তার দ্বারা আপনাদের হৃদয়ে কী কী প্রবেশ করছে সেই বিষয়ে সতর্ক এবং সজাগ হন। প্রত্যেকটি প্রভাব গুরুত্বপূর্ণ কারণ শেষ পর্যন্ত আপনার হৃদয়ই আপনার জীবনের দিক নির্ধারণ করে।

## ২। আপনার মুখকে পাহারা দিন

**আমরা যখন মুখের কথা বলি,তখন জিহ্বাও এর অন্তর্ভুক্ত - এবং এটি একটি শক্তিশালী অস্ত্র:**

"**...তদ্রূপ জিহ্বাও ক্ষুদ্র অঙ্গ বটে, কিন্তু মহাদর্পের কথা কহে। দেখ, কেমন অল্পাগ্নি কেমন বৃহৎ বন প্রজ্বলিত করে! জিহ্বাও অগ্নি;...তাহা সমস্ত দেহ কলঙ্কিত করে...**" (যাকোব ৩: ৫,৬)।

আমাদের মুখ দিয়ে যা কিছু নির্গত হয় তা একজন ব্যক্তিকে হয় গড়ে তোলে নয় ভগ্ন করে। এই কারণে আমাদের কথাগুলোর শক্তি বোঝা এতো জরুরী।

অনেক সময় আমরা রাগের মাথায় কথা বলি এবং পরে এই বলে নিজেদের অজুহাত দিই, "আমি এটা বলতে চাইনি।" খুব ঘনঘন আমরা যাদের সবচেয়ে বেশি ভালোবাসি তাদেরকেই অবহেলা করি - তাদেরকে আমাদের রাগ, হতাশা এবং নিরাশার বহিঃপ্রকাশের মাধ্যম হিসেবে ব্যবহার করি। দুঃখজনকভাবে, এটা প্রায়শই কঠোর ও আঘাতমূলক কথার মাধ্যমে প্রকাশ পায়।

কতবার আমরা আমাদের রাগকে এমন ব্যক্তির প্রতি ভুলভাবে চালিত করি যার আমাদের মুখের ওপর জবাব দেবার ক্ষমতা নেই?

বাইবেলে আমাদের সতর্ক করা হয়েছে:

"**যে কেহ আপন মুখ ও জিহ্বা রক্ষা করে, সে সঙ্কট হইতে আপন প্রাণ রক্ষা করে**" (হিতোপদেশ ২১:২৩)। গীত রচয়িতাও একটি সুন্দর প্রার্থনা করেছিলেন: "**হে সদাপ্রভু, আমার মুখে প্রহরী নিযুক্ত কর, আমার ওষ্ঠাধরের কবাট রক্ষা কর**" (গীত ১৪১:৩)।

এটি যেন আমাদেরও প্রার্থনা হয়। আমাদের মুখ থেকে যে সকল কথাবার্তা বের হবে সেই বিষয়ে আমাদের সতর্ক হতে হবে।

## ৩। আপনার পদক্ষেপগুলি পাহারা দিন!

"**... তোমার চরণ সাবধানে রাখ**" (উপদেশক ৫:১)।

আমাদের প্রত্যেকটি পদক্ষেপ আমাদের গন্তব্য নির্ধারণ করে। সেই কারণে, খুব যত্নসহকারে চলাফেরা করার বিষয়টি অত্যন্ত জরুরী- আমরা যেখানে আমাদের পা রাখবো এবং যে দিকে আমরা যাবো সেই বিষয়ে আমাদের গভীর মনোযোগ দিতে হবে।

আমরা কোথায় যাচ্ছি এবং কী উদ্দেশ্যে যাচ্ছি সেই বিষয়ে আমাদের সজাগ থাকার বিষয়টি গুরুত্বপূর্ণ। প্রায়ই আমরা নিজেদের শক্তি এবং দুর্বলতাগুলো মঞ্জুর করি, আমরা একবারও ভেবে দেখি না যে একটা ভুল পদক্ষেপ আমাদেরকে ঈশ্বর যেখানে আমাদের নিয়ে যেতে চান তার থেকে অনেক দূরে নিয়ে যেতে পারে। কয়েক সময়, ফিরে আসতে অনেক বছর লেগে যেতে পারে, আমাদেরকে এর জন্য মূল্যবান সময়ের মূল্য

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

দিতে হতে পারে এবং যাত্রাপথে ঈশ্বরের আশীর্ব্বাদগুলো আমাদের কাছ থেকে হরণ করতে পারে।

সেই কারণে, আমাদের পরিকল্পনাগুলি ঈশ্বরের কাছে পেশ করা এবং তাঁর ইচ্ছার সঙ্গে জোটবদ্ধ করার বিষয়টি বুদ্ধিমানের কাজ। হিতোপদেশ ১৬:৯ পদটি যেমন আমাদের স্মরণ করিয়ে দেয়, **"মনুষ্যের মন আপন পথের বিষয় সঙ্কল্প করে; কিন্তু সদাপ্রভু তাহার পাদবিক্ষেপ স্থির করেন।"** আমাদের ঈশ্বর আলফা এবং ওমেগা - তিনি অতীত, বর্তমান, এবং ভবিষ্যৎ জানেন। তিনি আমাদের সাফল্য এবং ব্যর্থতা উভয়ই দেখতে পান। আমরা যখন সমস্ত কিছু তাঁর উপর অর্পণ করি, তখন আমরা নিশ্চিত হতে পারি যে তাঁর পরিকল্পনাগুলি সর্বদা আমাদের জন্য উত্তম, কারণ তিনি আমাদের গভীরভাবে ভালোবাসেন। তিনি আমাদের জন্য তাঁর জীবন দিয়েছিলেন, পুনরুত্থিত হয়েছেন, এবং এখন তিনি তাঁর সার্বভৌম শক্তির কাছে আমাদের আহ্বান করেন।

এটি আমাদের প্রার্থনা হোক: **"তোমার বচনে আমার পাদবিক্ষেপ স্থির রাখ, কোন অধর্ম্ম আমার উপর কর্ত্তৃত্ব না করুক"** (গীতসংহিতা ১১৯:১৩৩)।

## ৪। লোভের বিরুদ্ধে পাহারা দিন!

উচ্চাকাঙ্খা এবং লোভের মধ্যে একটি অতি ক্ষীণ রেখা আছে। উচ্চাকাঙ্খা স্বাস্থ্যকর হতে পারে, কিন্তু লোভ বিনাশকারী। যীশু নিজে সতর্ক করেছিলেন, **"পরে তিনি তাহাদিগকে বলিলেন, সাবধান, সর্ব্বপ্রকার লোভ হইতে আপনাদিগকে রক্ষা করিও..."** (লূক ১২:১৫)।

অকস্‌ফোর্ড অভিধানে লোভকে এইভাবে বর্ণনা করা হয়েছে "একজন ব্যক্তি প্রয়োজনের তুলনায় আরও অধিক সম্পদ, অধিকার, অথবা ক্ষমতার জন্য অত্যধিক কামনা, অথবা প্রয়োজনের তুলনায় আরও অধিক খাদ্য অথবা পানীয়ের প্রবল ইচ্ছা।" অত্যধিক শব্দটি লক্ষ করুন, এবং প্রয়োজনের তুলনায় অধিক উক্তিটি লক্ষ করুন। এই বিষয়গুলিই লোভ এবং উচ্চাকাঙ্খার মধ্যে পার্থক্য তৈরী করে।

বাইবেল আমাদের সন্তুষ্ট থাকার শিক্ষা দেয় যা লোভী হওয়ার থেকে অথবা অবিরত আরও অধিক চাওয়ার থেকে সম্পূর্ণ বিপরীত। টাকার প্রেম থেকে আমাদের জীবনকে মুক্ত রাখুন এবং আপনার যা আছে তাতে সন্তুষ্ট থাকুন, কারণ ঈশ্বর বলেছেন, **"আমি কোন ক্রমে তোমাকে ছাড়িব না, ও কোন ক্রমে তোমাকে ত্যাগ করিব না"** (ইব্রীয় ১৩:৫)।

আমাদের সন্তুষ্টি আমাদের সামনে যা কিছু আছে তা পাওয়ার কামনার উপর ভিত্তিস্থিত নয়। বরং, ঈশ্বরকে জানার মধ্যে দিয়ে এই সন্তুষ্টি আসে যিনি সমগ্র জগৎকে ধরে আছেন এবং এর সমস্ত সম্পদ তাঁর হাতের মধ্যে আছে। সমস্ত পরিস্থিতি নিয়ন্ত্রণ করার শক্তি তাঁর আছে এবং সমস্ত কিছু আমাদের মঙ্গলের জন্য কাজ করে। তিনি কখনও আমাদের ত্যাগ না করার, আমাদের ছেড়ে না যাওয়ার প্রতিজ্ঞা করেছেন। তিনি মাঝপথে কখনও আমাদের ছেড়ে চলে যাবেন না, কিন্তু তিনি বিশ্বস্তভাবে আমাদের দেখেন - সুতরাং আমরা সম্পূর্ণরূপে তাঁর উপর আস্থা রাখতে পারি।

যদি ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে রক্ষা না করে আমাদের সমস্ত পাপ এবং অভিশাপের বন্ধন থেকে মুক্ত করার জন্য তাঁকে উৎসর্গ করে দেন, তাহলে কি তিনি আমাদের জীবনের প্রতিটি প্রয়োজন পূরণ করবেন না? **"যিনি নিজ পুত্রের প্রতি মমতা করিলেন না, কিন্তু আমাদের সকলের নিমিত্ত তাঁহাকে সমর্পণ করিলেন, তিনি কি তাঁহার সহিত সমস্তই আমাদিগকে অনুগ্রহ-পূর্ব্বক দান করিবেন না"** (রোমীয় ৮:৩২)।

প্রিয় ভাইএবং বোনেরা, মনে রাখবেন: তিনি যিহোবা জিরি - আমাদের জোগানদাতা। তিনি তাঁর মহিমার প্রাচুর্য অনুসারে আমাদের সমস্ত প্রয়োজনগুলি জোগান দিতে সক্ষম। তাঁকে ধরে থাকুন, তাঁর উপর আস্থা রাখুন, এবং তিনি তাঁর স্বর্গীয় প্রাচুর্যতাসহ আপনাকে আশীর্ব্বাদ করবেন।

একটি সবচেয়ে বড় বিপদ যার বিরুদ্ধে আমাদের নিজেদের পাহারা দিতে হবে তা হচ্ছে অর্থের প্রতি প্রেম, **"কেননা ধনাসক্তি সকল মন্দের মূল..."** (১ তীম ৬:১০)। পবিত্র শাস্ত্র আমাদের আরও স্মরণ করিয়ে দেয় যে, **"যে ব্যক্তি রৌপ্য ভালবাসে, সে রৌপ্যে তৃপ্ত হয় না; আর যে ব্যক্তি ধনরাশি ভালবাসে, সে ধনাগমে তৃপ্ত হয় না..."** (উপদেশক ৫:১০)। যে ব্যক্তি ধনসম্পদ ভালোবাসে সে কখনও প্রকৃতরূপে সন্তুষ্ট হবে না।

দয়া করে বুঝুন - টাকা নিজেই কোনো সমস্যা নয়। বেঁচে থাকার জন্য, কঠোর পরিশ্রম করার জন্য এবং আমাদের পরিবারগুলির প্রয়োজন মেটানোর জন্য আমাদের টাকার দরকার। কিন্তু যখন অর্থ উপার্জনের চেষ্টা আমাদের আত্মিক জীবন, পরিবার, অথবা ঈশ্বরের রাজ্যের প্রতি আমাদের অঙ্গীকারের ক্ষতি সাধন করে, তখন তা বিপজ্জনক হয়ে ওঠে। যদি কোনো কাজ আপনাকে ঈশ্বরের সঙ্গে সময় কাটানো থেকে বিরত রাখে, সহভাগিতা উপেক্ষা করতে বাধ্য করে, অথবা তাঁর সঙ্গে আপনার চলার পথে আপস করায় - তাহলে সেই কাজটি নতুনভাবে প্রার্থনার সঙ্গে পুনর্মূল্যায়ন করার সময় এসেছে।

## ৫। আপনার কাছে যা অর্পণ করা হয়েছে তা রক্ষা করুন

**"হে তীমথিয়, তোমার কাছে যাহা গচ্ছিত হইয়াছে, তাহা সাবধানে রাখ..."** (১ তীম ৬:২০)।

ভেবে দেখুন, ঈশ্বর আপনার কাছে কী কী জিনিস অর্পণ করেছেন। বাইরের প্রভাব থেকে এগুলো রক্ষা করতে সতর্ক থাকুন। এগুলো হতে পারে আপনার পরিবার, কাজ, অর্থ, আপনার আহ্বান, অনুগ্রহ বা আপনার পরিচর্যা কাজ — আপনার জীবন দিয়ে এগুলো রক্ষা করুন!

আমরা যেন সেই দাসের মতো না হই, যে তার একমাত্র তালন্ত লুকিয়ে রেখেছিল। ঈশ্বর চান তিনি আমাদের হাতে যা দিয়েছেন তা যেন আমরা বৃদ্ধি করি। যা কিছু আপনার আছে, তার মূল্য দিন এবং বিশ্বস্তভাবে ব্যবহার করুন। একই সঙ্গে, ঈশ্বর যা কিছু আপনার কাছে অর্পন করেছেন, তা অন্যদের কাছে তুলে দেওয়াও গুরুত্বপূর্ণ। পবিত্র গ্রন্থে বলা হয়েছে: **"... এমন বিশ্বস্ত লোকদিগকে সমর্পণ কর, যাহারা অন্য অন্য লোককেও শিক্ষা দিতে সক্ষম হইবে"** (২ করিন্থীয় ২:২)।

প্রিয় বন্ধুগণ, ঈশ্বর আমাদের জন্য যা করেছেন তা অন্যদের শিক্ষা দানের জন্য আমরা আহুত হয়েছি - আমাদের সন্তানগণ, পরবর্তী প্রজন্ম, এবং আমাদের চারপাশের মানুষজনের কাছে। একটি উত্তরাধিকার রেখে যান যা ঈশ্বরকে মহিমা দেবে।

## ৬। আপনার পথ ভালোভাবে শেষ করুন এবং পুরস্কার গ্রহণ করুন!

**"হে তীমথিয়, তোমার কাছে যাহা গচ্ছিত হইয়াছে, তাহা সাবধানে রাখ..."** (১ তীম ৬:২০)।

অনেকেই ভালোভাবে শুরু করে, কিন্তু কোথাও গিয়ে তারা ফোকাস হারিয়ে ফেলে। শক্তিশালীভাবে শেষ করার চাবিকাঠি হচ্ছে ধারাবাহিকতা। এটা বাইবেল পড়া হোক, প্রার্থনা করা, সেবা করা, বা ভালো কাজ করা হোক বা দৈনন্দিন অন্যান্য বিষয়গুলি হোক।

সম্প্রতি, আমি এক যুবকের সাথে দেখা করেছি, যিনি বলেছিলেন যে তিনি খ্রীষ্টের সঙ্গে চলতে ভালোবাসেন কিন্তু ভারসাম্য বজায় রাখার বিষয় সংগ্রাম করেন। কয়েক দিন তিনি নিজেকে ঈশ্বরেরর এত কাছে অনুভব করেন যে তিনি ঘন্টার পর ঘন্টা তার উপস্থিতির মধ্যে থাকেন - বাইবেল পাঠ, প্রার্থনা, আরাধনা, এবং

(ক্রমশঃ, ৭ পাতায়)

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে অকটোবর থেকে ১৮ই নভেম্বর পর্যন্ত, ২০২৫)

(অনগ্রহ করে এই পষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনগ্রহ করে এই পষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**অকটোবর ১৯ :** বিশ্বব্যাপী বাইবেল এবং খ্রীষ্টিয় সাহিত্য মুদ্রণের সঙ্গে যুক্ত প্রয়োজনগুলির জন্য।

**দিন ২০:** আমাদের সহযোগি সম্পাদকদের এবং তাদের সহকারীদের সুরক্ষার জন্য।

**দিন ২১:** বিভিন্ন পরিচর্যাগুলোর মাধ্যমে সুসমাচার প্রচারের বিষয়ে বরিষ্ঠ পালকের অঙ্গীকারবদ্ধতার জন্য।

**দিন ২২:** আমরা যেন অন্য পরিচর্যাগুলিকে সাহায্য করতে সক্ষম হই।

**দিন ২৩:** আমাদের সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির উপর আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৪:** সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে রবিবাসরীয় স্কুলে নতুন শিশুদের যোগদানের জন্য।

**দিন ২৫:** ডাকযোগে বাইবেল পাঠক্রম এবং ঈশতাত্ত্বিক পাঠক্রমের বৃদ্ধির জন্য।

**দিন ২৬:** আমাদের সমর্থকদের জন্য এবং পরিচর্যা কাজে তাদের যুক্ত হওয়ার জন্য।

**দিন ২৭:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য।

**দিন ২৮:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি মসৃণভাবে পরিচালিত হওয়ার বিষয় নিশ্চি ত করার বিষয়ে তাঁর করুণার জন্য আমরা কৃতজ্ঞতা জানাই।

**দিন ২৯:** আমাদের প্রধান মণ্ড লীতে যুব পরিচর্যার বৃদ্ধির জন্য।

**দিন ৩০:** আমাদের মিশনারীদের এবং তাদের পরিবারগুলির উপর আশীর্ব্বাদের জন্য।

**দিন ৩১:** আমাদের প্রধান মণ্ড লীতে পুরুষদের সভাকে ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

**নভেম্বর ০১:** আমাদের গতমাসের সমস্ত আর্থিক এবং আত্মিক প্রয়োজনগুলি পূরণ করার জন্য কৃতজ্ঞতা জানাই।

**দিন ০২:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেসের অবিরত কাজ চালিয়ে যাওয়ার জন্য এবং কর্মীদের আত্মোৎসর্গের জন্য কৃতজ্ঞতা জানাই।

**দিন ০৩** আমাদের সমস্ত পরিচর্যাগুলিতে ঈশ্বরের নির্দেশনার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** আমাদের **আবাসিক এবং সান্ধ্য নহিমিয় কলেজের** শিক্ষার্থীদের শৃঙ্খলা এবং সমর্পিত জীবনের জন্য।

**দিন ৫:** সমস্ত দেশেগুলির মধ্যে ঐক্য এবং শান্তির জন্য।

**দিন ৬:** তাঁর আহ্বানের প্রতিধ্বনির প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলোর বিশ্বাসীদের এবং তাদের পরিবারগুলির কল্যাণের জন্য।

**দিন ৭:** মাদকের নেশার ফাঁদ থেকে সমস্ত শিশু ও যুবক/যুবতীদের সুরক্ষার জন্য।

**দিন ৮:** আমাদের সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য।

**দিন ৯:** বিশ্বব্যাপী শিশু পাচারচক্রের সমূলে উচ্ছিন্ন করার জন্য।

**দিন ১০:** সমস্ত খ্রীষ্টিয় পরিচর্যাগুলি যেন অলৌকিক কার্য, আশ্চর্য কার্য এবং চিহ্ন কার্যে পরিপূর্ণ হয়।

**দিন ১১:** আমাদের অংশীদারদের জন্য, রাজ্য সমন্বয়কারীদের জন্য এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ১২:** পৃথিবীর বিভিন্ন অংশে আর্থিক মন্দার প্রভাব থেকে নিষ্কৃতির জন্য।

**দিন ১৩:** পৃথিবীতে তাঁর রাজ্য নির্মাণের জন্য স্পষ্ট দর্শনের জন্য প্রার্থনা করুন।

**দন ১৪:** প্রান্তিক এবং অবহেলিত সমাজগুলির আর্থিক উন্নতির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** পৃথিবীব্যাপী মিশনারীদের উপর ঈশ্বরের স্বর্গীয় সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৬:** প্রত্যেকটি দেশ যেন ঈশ্বরভীরু নেতাদের দ্বারা পরিচালিত হয় তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** আমাদের পরিচর্যাগুলির সঙ্গে সম্বন্ধযুক্ত কর্মীদের বেতন, প্রিণ্টিংয়ের দ্রব্যসামগ্রী, ডাকখরচ এবং যাতায়াতের খরচ সহ আর্থিক প্রয়োজনগুলির যোগানের জন্য।

**দিন১৮:** সমস্ত বিশ্বাসীদের হৃদয় জ্ঞানের আলোকে উদ্ভাসিত করার জন্য প্রার্থনা করুন।

# বিশেষ অনুষ্ঠানসমূহ

## কীর্তিমান ব্যক্তিদের পুরস্কারসমূহ

২৭শে এপ্রিল, আমাদের সহকর্মী সিস্টার নাগাজ্যোতি, আইপিএস, শ্রদ্ধেয় বিচারক অ্যাগনেস, এবং সিস্টার মেরী ম্যাগডেলীনকে তাদের পেশা এবং পরিষেবাগুলিতে বিশ্বস্ততা, কঠোর পরিশ্রম, এবং উল্লেখযোগ্য কীর্তির জন্য কীর্তিমান ব্যক্তিদের পুরস্কার প্রদত্ত হয়েছে। তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যা থেকে এই পুরস্কারগুলি প্রদত্ত হয়েছে।

## পরিচর্যা কাজে সম্মানীয় ডকটরেট উপাধি প্রদান







বরিষ্ঠ উকিল এন. বালাজী, রেভা. মোথিস বিনোদ, এবং সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী হেনরীকে পরিষেবা পুরস্কার হিসাবে ডকটরেট উপাধি প্রদান করা হয়

গত ১০ই আগস্ট,২০২৫ তারিখে, তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার মাধ্যমে বরিষ্ঠ উকিল এন. বালাজী, রেভা. মোথিস বিনোদ, এবং সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী হেনরীকে পরিষেবা পুরস্কার হিসাবে ডক্টরেট উপাধি প্রদান করা হয়।। এই পুরস্কারের মাধ্যমে তাদের আন্তরিকতা, বিশ্বস্ততা এবং ঈশ্বরের কাজে তাদের একান্ত সমর্পণের স্বীকৃতি প্রদত্ত হয়েছে।

## তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির ৫৭তম বর্ষপূর্তি

১০ই আগস্ট তারিখে তাঁর আহ্বানের প্রতিধ্বনির পরিচর্যাগুলির ৫৭তম বর্ষপূর্তি উৎসব অনুষ্ঠিত হয়েছিল আমাদের প্রধান মণ্ডলীতে। রেভাঃ ডঃ স্টিফেন দেবাকুমার এবং রেভাঃ ডঃ জে. ডি. চার্লস অতিথি বক্তা হিসাবে উপস্থিত ছিলেন। ঈশ্বরের নামের গৌরবের দ্বারা সমাবেশটি চিহ্নিত হয়েছিল।



রেভাঃ ডঃ স্টিফেন দেবাকুমার এবং রেভাঃ ডঃ জে. ডি. চার্লস — অতিথি বক্তা

## শিশুদের উৎসর্গ!

ব্রাদার মোহন এবং সিস্টার রেচেলের পুত্র যাবেশ জীবনের জন্য এবং ব্রাদার শিমশোন ও সিস্টারের ইস্টেরের পুত্র বেনেটিকের জন্য শিশু উৎসর্গ উপাসনা সভা অনুষ্ঠিত হয়েছিল।



*Jabez Jevaan, son of Bro. Mohan & Sis. Rachel*



*Benetic son of Bro. Simson & Sis. Esther.*

## ঈশতত্ত্বে ডিপ্লোমা ও ব্যাচেলার পাঠক্রমসমূহ

কার্যকরী পরিচর্যার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করার জন্য এবং শক্তিশালী করার জন্য চীপকে ও সন্তোষপুরমে নহিমিয় বাইবেল কলেজগুলিতে ঈশতত্ত্বে ডিপ্লোমা এবং ঈশতত্ত্বে ব্যাচেলর ডিগ্রী পাঠক্রমগুলির উদ্বোধন করা হয়েছে।



চীপকে নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীগণ



সন্তোপুরমে নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীগণ


ECHO OF HIS CALL REACHING NATIONS SINCE 1969

# নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদুর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),

ঈশতত্ত্বে ডিপ্লোমা & Bachelor of Theology

আন্তর্জার্তিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 56 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**

**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery
7. Great Commission Partners (Network of Pastors)
8. Training Programmes – Seminars & Retreats
9. Crusades
10. Literature Distribution and Follow Up
11. Gospel Printing Press – Publications
12. St. Paul's Matriculation School - Village English High School
13. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday

| | | |
|---|---|---|
| 14. **Early Morning Service** | : | **5.30 a.m. Sunday** |
| 15. **Preliminary Service** | : | **8.00 a.m. Sunday** |
| 16. **Tamil Service** | : | **8.30 a.m. Sunday** |
| 17. **Youth Meeting** | : | **11.00 a.m. Sunday** |
| 18. **Fellowship Lunch** | : | **1.00 p.m. Sunday** |
| 19. **Telugu Service** | : | **4.00 p.m. Sunday** |
| 20. **Hindi Service** | : | **5.00 p.m. Sunday** |
| 21. **Tamil & English Service** | : | **6.00 p.m. Sunday** |
| 22. Feedback Time | : | 7.30 p.m. Sunday |
| 23. Women's Prayer | : | 5.30 p.m. Wednesday |
| 24. Men's Prayer | : | 7.30 p.m. Friday |
| 25. Discipleship Meeting | : | 6.00 p.m. Saturday |
| 26. House Meetings | : | 6.30 p.m. Tuesday & Thursday |
| 27. Special Holy Communion | : | 6.00 a.m. 1st day of each month |
| 28. Ministers' Meeting | : | 5.30 p.m. First Saturday |
| 29. Parents' Prayer | : | 4.00 p.m. First Sunday |
| 30. Night Prayer | : | 9.30 p.m. Third Friday |
| 31. Fasting Prayer | : | 9:30 a.m. Second Saturday |
| 32. Holy Communion | : | Second Sunday Service |
| 33. Youth / Kid Prayer | : | 10.00 p.m. daily (over phone) |
| 34. Staff Devotion | : | 9.00 a.m. daily |
| 35. Office | : | 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays) |

(ক্রমশঃ ৪ পৃষ্ঠার পর থেকে)

সুসমাচারের গান এবং বাণীগুলি শোনা। আবার কিছু দিন তার মন এতটাই খারাপ থাকে যে তার বাইবেল খুলতে বা চিন্তা করতেও ইচ্ছা করে না। তিনি আমাকে জিজ্ঞেস করলেন, এই সংগ্রামটা কীভাবে সামাল দেবেন।"

সম্ভবত আপনাদের মধ্যে কয়েক জন একইভাবে অনুভব করেন। আমি তাকে বলেছিলাম: এটি হচ্ছে একটি ফাঁদ, এবং আপনার একেবারেই এর মধ্যে থাকা উচিত নয়। এর একমাত্র সমাধান হলো ইচ্ছাকৃতভাবে সিদ্ধান্ত নেওয়া— চলতে থাকা, বিশ্বস্ত থাকা, এবং অনুভূতি যাই হোক না কেন, সামনে এগিয়ে যাওয়া।

কয়েক সময়, আপনাকে ইচ্ছাকৃতভাবে কাজ করার প্রয়োজন হতে পারে, — শুধু অনুভব করার কারণে নয়, বরং প্রয়োজনের কারণে। কখনও কখনও , মনে হতে পারে যেন আমরা শুধু অভিনয় করছি, কিন্তু বাস্তবে, আমরা অনুশীলন করছি। ধারাবাহিকতার জন্য শৃঙ্খলার প্রয়োজন হয়, এবং শৃঙ্খলা অবশ্যই ইচ্ছাকৃত হতে হবে; তা না হলে আমরা লক্ষ্য স্পর্শ করতে পারবো না।

এই কারণেই বাইবেল আমাদের শিক্ষা দেয় যে আমরা যা কিছু শুরু করি, তা আমাদের অবশ্যই সম্পূর্ণ করতে হবে - কারণ শুধুমাত্র তখনই আমরা আমাদের প্রচেষ্টার পুরস্কার পাব। **"আপনাদের বিষয় সাবধান হও; আমরা যাহা সাধন করিয়াছি, তাহা যেন তোমরা না হারাও"** (২ যোহন ১:৮)।

বিশ্বস্তভাবে প্রতিযোগিতায় দৌড়ানোর জন্য ঈশ্বর আমাদের শক্তি দিন। তিনি আমাদের সেই কাজটি শেষ করতে সক্ষম করবেন যে কাজটি করার জন্য তিনি আমাদের আহ্বান করেছেন, যাতে তিনি যখন তূরীধ্বনিসহ ফিরে আসবেন তখন আমরা যেন পুরস্কার লাভ করতে পারি।

(ক্রমশঃ,৯পাতায়)


বিনামূল্যে মাসিক পত্রিকা

**আহ্বানের প্রতিধ্বনি**

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।


## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ঈশ্বর দুর্বলদের প্রার্থনার উত্তর দেন !



১০.০৮.১৯৬৯ থেকে ঈশ্বরের অনুগ্রহে আমি আমার সুসমাচার প্রচারের কাজ শুরু করি। পরিচর্যা প্রশিক্ষণ, ট্রাক্ট্ বিতরণ, প্রার্থনাসভা পরিচালনা, এবং গীর্জাগুলিতে ঈশ্বরের বাক্য প্রচার করতাম।

কেউ ই আমাকে ঈশ্বরের একজন সেবক হিসেবে চিনত না, কারণ আমি নতুন ছিলাম এবং নবাগত ছিলাম। তদুপরি,অর্থনৈতিক সমস্যা ছিল আমার পরিচর্যা কাজ চালিয়ে যাওয়ার পথে প্রধান বাধা। ফলে আমাকে দৈনিক অনেক মাইল পথ পায়ে হাঁটতে হতো এবং নিয়মিত ক্ষুধার্ত থাকতে হতো। দীর্ঘপথ হাঁটা এবং ক্ষুধার্ত থাকা ছিল আমার পরিচর্যা কাজের অংশ। আর্থিক অভাবের জন্য আমি পরিচর্যার জন্য প্রয়োজনীয় সামগ্রী কিনতে পারতাম না।


আমার পরিচর্যা কাজের শুরু থেকেই আমি দৃঢ়ভাবে স্থির থাকতাম যাতে বন্ধু বা আত্মীয়দের কাছে কখনো সাহায্যের জন্য আবেদন না করতে হয়। কারণ ঈশ্বর যেভাবে কাজের জন্য ডাকেন,সেভাবে সেই কাজের জন্য তিনি নিজেই যোগান দেন। এখনও পর্যন্ত এই নীতিকে মেনে চলছি এই নীতির জন্য আমাকে অসংখ্য কষ্ট ও চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়েছে।

আমি মানসিক ও শারীরিকভাবে এতটাই বিপর্যস্ত হয়েছিলাম যে পরিস্থিতি সামাল দিতে পারছিলাম না। আমার এক আত্মীয় শ্রী.স্বামীরাজ আমাকে ট্রান্সপোর্ট ডিপার্টমেণ্টে সরকারী চাকরি জন্য চেষ্টা করেন এবং ঈশ্বরের একজন সেবক ব্রাদার কলিন্স ও আমার এক বন্ধু মথিকোড়ে একটি ব্যক্তিগত প্রতিষ্ঠানে চাকরি পাওয়ার জন্য চেষ্টা করেন। তাঁদের সকল প্রচেষ্টা ব্যর্থ হয়।



এই পরিস্থিতিতে,১৭.০৫.১৯৭১-এ উপবাসে থাকার সময় ঈশ্বরের আত্মা আমাকে স্থায়ী চাকরি পাওয়ার জন্য গভীরভাবে পথ নির্দেশ করলেন। প্রার্থনার ফল স্বরূপ,"এক মাসের মধ্যে তোমার স্থায়ী চাকরি হবে, এতে তুমি সুখী হবে" — এই শক্তিশালী বার্তা পেলাম। কেননা, বাইবেলের মতে— **"আর তাঁহার উদ্দেশে আমরা এই সাহস প্রাপ্ত হইয়াছি যে, যদি তাঁহার ইচ্ছানুসারে কিছু যাচ্ঞা করি, তবে তিনি আমদের যাচ্ঞা শুনেন, তবে ইহাও জানি যে, আমরা তাঁহার কাছে যাহা যাচ্ঞা করিয়াছি,সেই সকল পাইয়াছি"** (১ যোহন ৫:১৪,১৫)। নতুন কাজ পাওয়ার বিশ্বাসে, আমি প্রয়োজনীয় প্রস্তুতি নিতে শুরু করি। অনেকেই আমার কর্মকাণ্ড নিয়ে সন্দেহ প্রকাশ করেন। কিন্তু আমি ঈশ্বরের উপর সম্পূর্ণ বিশ্বাস রেখেছিলাম।

এইভাবে দিন যেতে লাগলো, প্রতিদিন চিঠি আসার জন্য অধীর অপেক্ষা করতাম। এক মাস পর ঠিক ১৮.০৬.১৯৭১-এ আমি ঈশ্বরের উপর বিশ্বাস রেখে পোস্ট অফিসে গেলাম।





পিওন শ্রী. নেল্লাপ্পন দেখলেন,আমাকে ইশারা করলেন, কিছুই নেই। ঈশ্বরের প্রতিশ্রুতিকে স্মরণ করে, আমি সেখানে বসে প্রার্থনা করছিলাম। অল্প সময়ের মধ্যে সেই একই পিওন এসে জানালেন, "স্যাম, আপনার নামের নিবন্ধিত ডাক এসেছে, স্বাক্ষর করুন এবং গ্রহণ করুন।"

পত্রটি খুলে আমি দেখতে পেলাম এটি একটি নিযুক্তিকরণ পত্র ছিল যা তামিলনাড়ু পাবলিক সার্ভিস কমিশন অফিস, চেন্নাই থেকে এসেছিল, লেবার ডিপার্টমেণ্টে যোগদান করার জন্য। এটি ছিল কয়েক বছর আগে আমার লিখিত পরীক্ষার ফল। এটি আমার অবিরত প্রার্থনার দ্বারা ঘটেছিল এবং অলৌকিক কাজ সম্পন্ন হয়েছিল। হ্যাঁ, প্রার্থনা একটি অপূর্ব আত্মিক অস্ত্র। আমি আনন্দের সঙ্গে চেন্নাই এসেছিলাম এবং কাজে যোগদান করেছিলাম।





*১৯৯৪ সালে সরকারী চাকরী ছাড়ার সময় মি.এ..শেনবাগাম বি.ই.,চীফ ইনস্পেকটর অফ ফ্যাকটরী এবং আমার সহকর্মীদের দ্বারা বিদায় সম্ভাষণ*



*১৯৯৪ সালে সরকারী চাকরী ছাড়ার সময় আমার সহকর্মীদের দ্বারা বিদায় সম্ভাষণ*

আমার বেতনের অধিকাংশই আমি পরিচর্যা কাজে বিনিয়োগ করেছিলাম। ঈশ্বরের অনুগ্রহ এবং লোকদের আনুকুল্যের উপর ভিত্তি করে, সরকার আমাকে সরকারী কাজের সাথে সাথে আমার পরিচর্যা কাজ চালিয়ে যাবার অনুমতি দিয়েছিল। পরে, ১৯৯৪ সালে, ঈশ্বর আমাকে পূর্ণ সময়ের জন্য পরিচর্যা কাজ করার বিষয়ে আমাকে চাকরী ত্যাগ করার আদেশ দিয়েছিলেন এবং আমি তাঁর আহ্বানের বাধ্য হয়েছিলাম এবং পূর্ণ সময়ের পরিচর্যা কাজে প্রবেশ করেছিলাম।

আমাদের ঈশ্বর মঙ্গলময়! তিনি সময়নিষ্ঠ! দৃঢ়ভাবে তাঁকে ধরে থাকুন!! আপনি সফল হবেন!!! তিনি আজ গভীরভাবে আপনাকে দেখছেন।

**"যাহার মন তোমাতে সুস্থির, তুমি তাহাকে শান্তিতে, শান্তিতেই রাখিবে, কেননা তোমাতেই তাহার নির্ভর"** (যিশাইয় ১৬:৩)।

*************

(৭পাতার পর)

## ৭ যারা ঈশ্বরের বাক্যের বিরোধীতা করে তাদের বিরুদ্ধে পাহারা দাও!

অবশেষে, শাস্ত্র আমাদের শিক্ষা দেয় যে যারা ঈশ্বরের রাজ্যের প্রতিরোধ করে তাদের বিরুদ্ধে আমাদের নিজেদেরকে পাহারা দিতে হবে। পৌল তীমথিয়কে সতর্ক করেছেন। **"তুমিও সেই ব্যক্তি হইতে সাবধান থাকিও, কেননা সে আমাদের বাক্যের অত্যন্ত প্রতিরোধ করিয়াছিল"** (২ তীমথিয় ৪:১৫)।

প্রায়ই, যেহেতু বাইবেল আমাদের শিক্ষা দেয় প্রত্যেক ব্যক্তিকে ভালোবাসতে এবং সহিষ্ণু হতে - **"যদি সাধ্য হয়, তোমাদের যত দুর হাত থাকে, মনুষ্যমাত্রের সহিত শান্তিতে থাক"** (রোমীয় ১২:১৮), - মণ্ডলীতে এবং সমাজে, উভয় স্থানে যারা খ্রীষ্টের মণ্ডলীর মধ্যে একতাকে ধ্বংস করার চেষ্টা করে তাদের প্রতি আমাদের সহিষ্ণুতা শেষ হতে পারে। তথাপি এখানে, আমরা দেখতে পাই পৌল দৃঢ়ভাবে অনুরোধ করেছেন যারা বাক্যের এবং ঈশ্বরের কাজের প্রতি বাধা সৃষ্টি করে তাদের প্রতি আমরা যেন যতদুর সম্ভব সহিষ্ণু হই।

তিনি আমাদের শিক্ষা দিচ্ছেন নিজেদের রক্ষা করতে, সজাগ থাকতে, এবং ভুল শিক্ষার বিরুদ্ধে সতর্ক থাকতে। এই শেষ সময়ে, যেমন বাইবেল আগে থেকেই সতর্ক করেছে, অনেক শিক্ষা মানুষের মন ও আকাঙ্খা পূরণ করার জন্য উপস্থাপন করা হচ্ছে, সত্যটি জানানোর জন্য নয়। প্রচারকরা প্রায়ই তাদের মণ্ডলীর 'অসন্তুষ্টি'র ভয়ে সত্য বলা এড়িয়ে যান। ফলে, প্রতিটি স্তরে আপোষ দেখা যায়।

আমি প্রায়ই ভাবি, পিতর কতটা সাহসী ছিলেন, যখন তিনি ঘোষণা করেছিলেন, **"মনুষ্যদের অপেক্ষা বরং ঈশ্বরের আজ্ঞাপালন করিতে হইবে"** (প্রেরিত ৫:২৯)। প্রশ্ন হচ্ছে: আজকের দিনে কতজন নেতা এবং বিশ্বাসী এমন উক্তি করতে প্রস্তুত? আমরা কি স্পষ্টভাবে বলতে পারি, 'আমি এই ব্যক্তিকে বা এই সিদ্ধান্তকে মেনে নিতে পারি না, কারণ এটি ঈশ্বরের আদেশের বিরুদ্ধে'?

এই প্রসঙ্গে ঈশ্বর আমাদের ডেকেছেন এই শেষ সময়ে নিজেদের রক্ষা করতে।

প্রিয় বন্ধুগণ, আমরা সাতটি বিষয়ে চিন্তা করেছি, যেখানে বাইবেল আমাদের জীবন রক্ষার জন্য নির্দেশ দেয়। আমার প্রার্থনা হলো ঈশ্বর যেন আমাদের জ্ঞান এবং সাহস দেন নিজেদের রক্ষা করার জন্য এবং তাঁর আদেশের ওপর দৃঢ় থাকার জন্য - কারণ তাঁর আগমন সন্নিকট।

ঈশ্বর আপনাদের সবাইকে আশীর্ব্বাদ করুন!"

*************

## বিজ্ঞপ্তি

**আমাদের মোবাইল নম্বর আপনার মোবাইলে সেভ সেভ করে রাখুন**

(+91) 98410 71858,
(+91) 98412 71858 — সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**

Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

- Editor

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### 2. Bank : ICICI Bank

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### 3. Bank : State Bank of India

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**

*****

**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 14th OCTOBER 2025
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

## JESUS LOVES YOU!

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**